দৈনিক সংবাদ

তারিখ 15 JUL 1992
পৃষ্ঠা ... কলাম ...

# তিন বছরে ১৫০টি স্কুল ও কলেজ সরকারী করা হবে

॥ সংসদ রিপোর্টার ॥

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বলেছেন, আগামী ৩ বছরে যে সকল থানায় সরকারী কলেজ বা হাই স্কুল নেই, সেখানে ১৫০টি স্কুল ও কলেজকে সরকারীকরণ করা হবে।

গতকাল মঙ্গলবার সংসদে প্রশ্নোত্তর পর্বে বিভিন্ন সদস্যের প্রশ্নের জবাবে মন্ত্রী আরো বলেন, এ বছরেই ১৫০টি স্কুল বা কলেজকে সরকারীকরণের জন্য তালিকাভুক্ত করা হবে। এ বছর এগুলোকে প্রথমে উন্নয়ন করার কাজ হবে।

## পল্লী সমাজকর্ম প্রকল্পে ৬৪ কোটি টাকা ব্যয়

সমাজকল্যাণ মন্ত্রী তরিকুল ইসলাম গতকাল মঙ্গলবার সংসদে আওয়ামী লীগের কাজী আবদুর রশিদের এক প্রশ্নের জবাবে জানান, সম্প্রসারিত পল্লী সমাজকর্ম প্রকল্পে এ পর্যন্ত ৬৩ কোটি ৪৫ লাখ ৬২ হাজার টাকা ব্যয় করা হয়েছে। এই প্রকল্পের কর্মসূচীগুলো হচ্ছে, আর্থ-সামাজিক জরিপের মাধ্যমে লক্ষ্যভুক্ত ১৬শ' — ২ হাজার ৩শ' ৫০ টাকা বার্ষিক আয়ের নিম্নের পরিবার চিহ্নিত করে তাদের বৃত্তি ও আত্মকর্মসংস্থানের জন্য ফেরতযোগ্য সুদমুক্ত ঋণ প্রদান, স্থানীয় চাহিদা-ভিত্তিক বিভিন্ন বৃত্তিমূলক কার্যক্রমের ওপর প্রশিক্ষণ প্রদান, পরিবারের সঞ্চয়ের ব্যবস্থা করা, মা ও শিশু স্বাস্থ্য পরিচর্যা সম্পর্কে ব্যবহারিক জ্ঞানদান করা এবং পরিবার পরিকল্পনা গ্রহণের বিষয়ে উদ্বুদ্ধকরণ ও বিনামূল্যে জন্ম-নিয়ন্ত্রণ সামগ্রী প্রদান সহায়তা করা ইত্যাদি।

আওয়ামী লীগের জয়নাল আবেদনী হাজারীর প্রশ্নের জবাবে সমাজকল্যাণ-মন্ত্রী জানান, সরকার পরিচালিত ৭৩টি শিশুসদনের পরিচালনার জন্য ৯১-৯২ অর্থবছরে ৮ কোটি ৫০ লাখ ৭০ হাজার টাকা ব্যয় করা হয়েছে। এবং বেসরকারী নিবন্ধীকৃত ৬৮১টি এতিমখানার জন্য একই সময়ে ৫ কোটি ১৫ লাখ ২৮ হাজার টাকা অনুদান বরাদ্দ করা হয়েছে।

## ৩ হাজার কিশোর অপরাধী সংশোধন করা হয়েছে

সমাজকল্যাণমন্ত্রী বলেছেন, দেশের কিশোর অপরাধ সংশোধনী কেন্দ্রসমূহে গত ১৫ বছরে (৭৮ থেকে ৯২'র জুন পর্যন্ত) ৩০৫২ জন কিশোর অপরাধীকে সংশোধন করা হয়েছে। বর্তমানে এই কেন্দ্রে ১৫৪ জন অবস্থান করছে। আওয়ামী লীগের শরীফ উদ্দিন আহমেদের প্রশ্নের জবাবে মন্ত্রী এ তথ্য জানান।

আওয়ামী লীগের হাজী রাশেদ মোশাররফের প্রশ্নের জবাবে সমাজ-কল্যাণমন্ত্রী তরিকুল ইসলাম জানান, জাতীয় মহিলা সংস্থা গঠনের পর থেকে সরকারী ব্যয়ে বিভিন্ন সময়ে প্রশিক্ষণের জন্য ২০ জন মহিলাকে বিদেশে প্রেরণ করা হয়েছে। এদের মধ্যে রয়েছেন বেগম মমতা ওহাব, ডঃ বেগম জাহান-আরা, বেগম হামিদা আলী, হাসমত আরা, রোকসানা ওয়াদুদ, নূরমহল ইসলাম, কাজী ফিরোজা ইসলাম, কামরুন্নাহার জাফর, সুলতানাজামান চৌধুরী, পারভীন সুলতানা প্রমুখ।

জাপার মকসুদ ইবনে আজিজ লামার এক প্রশ্নের জবাবে সমাজকল্যাণমন্ত্রী জানান, দেশে নিবন্ধীকৃত ও অনু-মোদিত মহিলা সমিতির সংখ্যা ১ হাজার ২শ' ৮৮টি। এগুলোকে সরকারীভাবে আর্থিক অনুদান দেয়া হয়। গত অর্থবছরে (৯১-৯২) ১৪ লাখ টাকা দেয়া হয়েছে।

## মাদ্রাসা সরকারীকরণের কোন পরিকল্পনা নেই

জামাতের মুফতি আঃ সাত্তারের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, দেশে বর্তমানে ৩টি সরকারী মাদ্রাসা ও ২২৩টি কলেজ রয়েছে। চলতি অর্থ-বছরে মাদ্রাসা সরকারীকরণের কোন পরিকল্পনা নেই; তবে কয়েকটি কলেজকে সরকারীকরণের পরিকল্পনা রয়েছে। আওয়ামী লীগের আবদুল আওয়াল মিয়া মাদ্রাসা সরকারী করার পরিকল্পনা না থাকায় দুঃখ প্রকাশ করে এতে জানাজা পড়ার লোক পাওয়া যাবে না বলে উল্লেখ করে এবতেদায়ী মাদ্রাসা সরকারীকরণ হবে কিনা জানতে চাইলে মন্ত্রী বলেন, ১৪ হাজার রেজিস্ট্রিকৃত এবতেদায়ী মাদ্রাসা রয়েছে। এগুলোকে অনুদান দেয়া হয় না।

অপর এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, সরকারী ও বেসরকারী স্কুল শিক্ষকদের মধ্যে বেতনে তেমন ফারাক নেই।

## ২১ হাজার নিবন্ধীকৃত বেসরকারী মাদ্রাসা আছে

শিক্ষামন্ত্রী বলেন, দেশে রেজি-স্ট্রেশনপ্রাপ্ত বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় ১১ হাজার ৩শ' ৭৯টি এবং মাদ্রাসার সংখ্যা ২১ হাজার ৯শ' ৯৩টি। রেজিস্ট্রিশনপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসাগুলোর মধ্যে ৯৭৪৯টি মাধ্যমিক বিদ্যালয় এবং ৪৭৮৪টি মাদ্রাসার শিক্ষক ও কর্মচারীকে সরকারী অনুদান প্রদান করা হয়। শিক্ষামন্ত্রী আরো জানান, চলতি অর্থবছরে (৯২-৯৩) দেশের অনুমোদিত মাদ্রাসাগুলোকে শিক্ষক ও কর্মচারীদের বেতন ও ভাতাদি বাবদ ১শ' ৪৯ কোটি ২৮ লাখ ৫৬ হাজার ৭শ' ৮৪ টাকা সরকারী অনুদান দেয়া হবে। তবে অতিরিক্ত অর্থ বরাদ্দ পাওয়া সাপেক্ষে স্বীকৃতপ্রাপ্ত নতুন মাদ্রাসাগুলোকেও অনুদান দেয়ার বিষয়টি বিবেচনা করা হবে।